C. S. (Main) Exam : 2012

E–DTN–M–JMD–2

# BENGALI

## ( Compulsory )

Time Allowed : Three Hours

Maximum Marks : 300

## INSTRUCTIONS

**Candidates should attempt ALL questions.**

**The number of marks carried by each question is indicated at the end of the question.**

**Answers must be written in Bengali, unless otherwise directed.**

**Prescribed word limit must be followed for Question No. 3. The précis must be attempted *only* on the special précis sheets provided separately. These précis sheets are to be securely attached to the answer-book.**

**Important Note**

**Whenever a question is being attempted, all its parts/sub-parts must be attempted contiguously. This means that before moving on to the next question to be attempted, candidates must finish attempting all parts/sub-parts of the previous question attempted. This is to be strictly followed.**

**Pages left blank in the answer-book are to be clearly struck out in ink. Any answers that follow pages left blank may not be given credit.**

**1.** নিম্নলিখিত যে কোনো **একটি** বিষয় অবলম্বনে ৩০০ শব্দের একটি প্রবন্ধ লিখুন : 100

*(a)* ভারত—বাণিজ্যিক বিকাশের একটি উত্থানশীল ক্ষেত্র

*(b)* আমাদের মহানগরী মহিলাদের জন্য কতটা নিরাপদ ?

(c) বন্যজীবনের সংরক্ষণ এবং ব্যবস্থাপন

(d) ভারতে বৃত্তিমূলক শিক্ষাব্যবস্থা

(e) সিনেমার অলীক জগৎ

**2.** নিম্নলিখিত গদ্যাংশটি পড়ে, প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লিখুন। উত্তরগুলি স্পষ্ট, সঠিক এবং সংক্ষিপ্ত হওয়া প্রয়োজন : 10×6=60

বহুসংখ্যক পাঠক কেবল তাৎক্ষণিক মনোরঞ্জনের জন্য বই পড়েন, অথবা বই পড়ে ক্লান্তি দূর করেন। অন্য কথায় বললে, তাঁরা কেবল সময় কাটানোর জন্যই বই পড়েন। সময়কে একটি বহুমূল্য সম্পদ বলা হয়েছে। অধিকাংশ পাঠকই এই সম্পদের অপব্যয় করেন। অবিশ্বাস্য মনে হতে পারে, কিন্তু এঁদের পক্ষে সময় কাটানো অত্যন্ত কঠিন। তাঁরা যখন আবিষ্কার করেন বই পড়ে সময়ের একটা বড়ো অংশ ভালোভাবে কাটানো যায়, তখন তাঁরা বই পড়েন। স্পষ্টতই তাঁরা অন্য কোনো কারণে বই পড়েন না। যদি পড়তেন, তাহলে তাঁরা পাঠের অন্তত কিছুটা স্মৃতিতে ধরে রাখতে পারতেন। কিন্তু তার কোনো প্রমাণই পাওয়া যায় না। বই তাঁদের মনে হয়ত অল্পবিস্তর প্রভাব বিস্তার করে কিন্তু তাঁরা সেকথা জানতেই পারেন না। আর যখন আমরা নিজের অজান্তেই প্রভাবিত হই, তখন সে প্রভাব উপকারী বা অনিষ্টকর দুই-ই হতে পারে। আমরা জানতে পারি না। উপরোক্ত পাঠকবৃন্দ যে সচেতনভাবে কিছুই মনে রাখেন না, তার প্রমাণ পড়া বই সম্বন্ধে তাঁরা কিছুই বলতে পারেন না।

(a) লেখকের মতে অধিকাংশ লোক কী কী কারণে বই পড়েন?

(b) লেখকের কেন মনে হয়েছে যে পাঠকেরা সময়ের মূল্য বোঝেন না?

(*c*) পাঠক যে তাঁর সময়ের যথাযথ ব্যবহার করেননি, একথা কী করে বোঝা যায় ?

(*d*) বই পড়ার পর পাঠকদের কী করা উচিত বলে লেখক মনে করেন ?

(*e*) লেখক কেন অনবহিত পাঠের সমালোচনা করেছেন ?

(*f*) লেখক কোন্ ধরনের পাঠক প্রত্যাশা করেন ?

**3.** নিম্নলিখিত গদ্যাংশটির সংক্ষিপ্তসার করুন। সংক্ষিপ্তসারের দৈর্ঘ্য মূল গদ্যাংশের এক-তৃতীয়াংশ হবে। নির্ধারিত দৈর্ঘ্য লঙ্ঘন করলে নম্বর কাটা যেতে পারে। সংক্ষিপ্তসারের জন্য প্রদত্ত পৃথক কাগজে লিখতে হবে। তারপর সেটিকে উত্তরপত্রের মধ্যে দৃঢ়ভাবে যুক্ত করতে হবে : 60

পৃথিবীতে প্রাপ্ত উপাদানগুলির মধ্যে জলই সবচেয়ে বেশি পরিমাণে লভ্য এবং ব্যবহৃত। জল পৃথিবীর শতকরা 70 অংশ অধিকার করে আছে। পৃথিবীতে প্রাপ্ত জলের সামগ্রিক পরিমাণ 1·386 বিলিয়ান কিউবিক কিলোমিটার। এর মধ্যে শতকরা প্রায় 97 ভাগই লোনাজল এবং ব্যবহারের অনুপযোগী। অবশিষ্ট মাত্র 3 শতাংশ জলই বিশুদ্ধ। কিন্তু 68·5 শতাংশ বিশুদ্ধ জলই হিমশীর্ষ, হিমবাহ এবং চিরন্তন তুষারে আবদ্ধ রয়েছে, সেজন্য মানবের প্রাপ্তিসাধ্য নয়। বিশুদ্ধ জলের প্রায় 30 শতাংশ ভূমি-জল। আর 0·9 শতাংশ ভূমিতলের উপরে নদী, নালা, হ্রদে পাওয়া যায়। আমরা বিশুদ্ধ জলের জন্য নদী, নালা, হ্রদে প্রাপ্ত, প্রত্যহ প্রবাহিত 70 কিউবিক কিলোমিটার জলের উপরই নির্ভর করি এবং ভূগর্ভস্থ জলাধার থেকে প্রত্যহ 70 কিউবিক কিলোমিটার জল প্রবাহিত হয়। হাজার হাজার বছর ধরে এই জলপ্রবাহ নিয়মিত রয়েছে। কিন্তু জলের চাহিদা দ্রুত বেড়ে চলেছে। বিশেষত বিগত কয়েক দশকে ক্রমবর্ধমান হয়েছে গার্হস্থ্য, কৃষি এবং শিল্পকার্য।

1940 সালে পৃথিবীর জনসংখ্যা ছিল 2 বিলিয়ান, ব্যক্তি-প্রতি বার্ষিক জল ব্যবহারের পরিমাণ ছিল 1000 কিউবিক মিটার-এর কম। 2000 সালে জনসংখ্যা বেড়ে হল 6 বিলিয়ান এবং ব্যক্তি-প্রতি বার্ষিক জলের চাহিদা বেড়ে হল 6000 কিউবিক মিটার। ফলে বিশুদ্ধ জলের সংস্থানের উপর যথেষ্ট চাপ সৃষ্টি হল, বিশেষত ঘন বসতিপূর্ণ অঞ্চলগুলিতে এবং যেখানে জলের পরিমাণ ছিল স্বল্প, সেখানে। কৃষিকার্যের জন্য 70 শতাংশ বিশুদ্ধ জল ব্যবহৃত হয়, শিল্পক্ষেত্রে শতকরা 22 এবং গার্হস্থ্য কর্মের জন্য শতকরা 8 অংশ। পৃথিবীর জনসংখ্যার বিস্ফোরণ এবং বিশুদ্ধ জলের ক্রমবর্ধমান চাহিদার ফলে, বিশুদ্ধ জলের পরিমাণ ক্রমশই হ্রাস পাচ্ছে। এখন লভ্য বিশুদ্ধ জলের প্রায় অর্ধাংশ প্রতি বৎসর ব্যবহৃত হয়। 2050 সাল অবধি জনসংখ্যা আর জলের চাহিদা বৃদ্ধির ফলে এই পরিমাণ বেড়ে দাঁড়াবে প্রায় 74 শতাংশ। একজন সাধারণ আমেরিকান সবচেয়ে বেশি পরিমাণ জল ব্যবহার করেন। যদি সর্বত্রই লোকেরা সেই পরিমাণ জল ব্যবহার করেন তাহলে জলের ব্যবহার 90 শতাংশ পর্যন্ত বাড়তে পারে।

সবচেয়ে লক্ষণীয় বিষয় হল, বিশুদ্ধ জল পৃথিবীর সর্বত্র সমানভাবে বিভাজিত নয়। কোনো কোনো দেশে জল অধিক পরিমাণে প্রাপ্ত আবার অন্যত্র লব্ধ জলের পরিমাণ অত্যল্প। গ্রীণল্যান্ডে ব্যক্তি-প্রতি বার্ষিক লব্ধ জলের পরিমাণ 10767 মিলিয়ান কিউবিক মিটার আর কুয়েতে মাত্র 10 কিউবিক মিটার। ভারতে ব্যক্তি-প্রতি বার্ষিক জলের লব্ধ পরিমাণ 1951 সালে ছিল 5177 কিউবিক মিটার। 2001 সালে সেটা কমে হয়েছে 1820 কিউবিক মিটার, ফলে ভারত এখন জল-দরিদ্র দেশগুলির অন্যতম। 2025 নাগাদ ব্যক্তি-প্রতি জলের পরিমাণ আরো কমে 1340 কিউবিক মিটার হবে।

পৃথিবীর বহু প্রধান নদী এবং তাদের শাখাগুলি একাধিক দেশের মধ্যে দিয়ে প্রবাহিত হয়। যেমন গঙ্গানদী এবং তার শাখাগুলি নেপাল, ভারত এবং বাংলাদেশের মধ্যে দিয়ে বয়ে চলেছে।

সিন্ধু এবং তার শাখাগুলি বইছে ভারত এবং পাকিস্তানে। দানিয়ুব নদের উৎপত্তি জার্মানিতে, তারপর সেটি প্রবাহিত হয়েছে অস্ট্রিয়া, শ্লোভাকিয়া, হাঙ্গেরি, ক্রোয়েশিয়া, সার্বিয়া, রুমানিয়া, বুলগারিয়া, মলডাভিয়া এবং ইউক্রেনের মধ্যে দিয়ে। জামবেজি নদী বয়ে চলেছে জাম্বিয়া, আঙ্গোলা, নামিবিয়া, বৎসোয়ানা, জিম্বাবোয়ে এবং মোজাম্বিকের মধ্যে দিয়ে। ঈজিপ্টের প্রাণস্বরূপ নীলনদের উদ্ভব আরো আটটি দেশে, যথা—সুদান, ইথিয়োপিয়া, কেনিয়া, রোয়ান্ডা, বুরুন্ডি, উগান্ডা, তানজানিয়া এবং জায়রে। যখন একটি নদী একাধিক দেশের মধ্যে দিয়ে প্রবাহিত হয়, তখন বিভিন্ন দেশগুলির মধ্যে জলবণ্টন নিয়ে প্রভূত বিবাদের সৃষ্টি হয়। খ্রীষ্টপূর্ব 3000 সালে দক্ষিণ এবং মধ্য এশিয়া, মধ্য ইউরোপ এবং মধ্যপ্রাচ্যে এই ধরনের বিবাদ হয়েছিল। কৃষিকর্ম, শিল্প এবং গার্হস্থ্য ক্ষেত্রে জলের চাহিদা বাড়ার ফলে এই বিবাদ ক্রমশই বৃদ্ধি পাচ্ছে এবং আগ্রাসনে পরিণত হচ্ছে।

নদীর জলের বণ্টন একটি দেশে স্থানীয় বা ক্ষেত্রীয় স্তরে একটি সংবেদনশীল সমস্যা। গৌতম বুদ্ধকে (563–483 খ্রীষ্টপূর্বাব্দ) রোহিণী নদীর জলবণ্টন নিয়ে শাক্য এবং কৌটিয়ের বিবাদের মধ্যস্থতা করতে হয়েছিল।

**4.** নিম্নলিখিত ইংরাজি গদ্যাংশটি বাংলাতে অনুবাদ করুন : 20

I remember my father starting his day at 4 a.m. by reading the namaz before dawn. After the namaz, he used to walk down to a small coconut grove we owned, about 4 miles from our home. He would return, with about a dozen coconuts tied together thrown over his shoulder, and only then would he have his breakfast. This remained his routine even when he was in his late sixties.

I have throughout my life tried to emulate my father in my own world of science and technology. I have endeavoured to understand the fundamental truths revealed to me by my father, and feel convinced that there exists a divine power that can lift one up from confusion, misery, melancholy and failure, and guide one to one's true place. And once an individual severs his emotional and physical bondage, he is on the road to freedom, happiness and peace of mind.

**5.** নিম্নলিখিত গদ্যাংশটি ইংরাজিতে অনুবাদ করুন : 20

বহু প্রাচীনকালে, খ্রীষ্টাব্দ আরম্ভেরও অনেক আগে হাসপাতালের উদ্ভব হয়েছে। গ্রীস, ঈজিপ্ট এবং ভারতেই তার প্রথম সূচনা হয়। এখন পৃথিবীর অধিকাংশ দেশেই অনেক বড় বড় সাধারণ হাসপাতাল আছে, যেখানে সবরকম রোগের চিকিৎসা সেই সঙ্গে প্রশিক্ষণ এবং গবেষণার কম-বেশি ব্যবস্থা আছে। এছাড়া বহুসংখ্যক অপেক্ষাকৃত ছোট সংস্থা আছে, যেগুলি বিশেষ বিশেষ রোগ অথবা মূলত মহিলা এবং শিশুদের চিকিৎসার জন্য নিয়োজিত। যুক্তরাজ্য ব্রিটেন এবং যুক্তরাষ্ট্র আমেরিকার হাসপাতালে সাধারণত সরকার অথবা পৌরসভা কর্তৃক আর্থিক সাহায্যদান এবং প্রশাসনের ব্যবস্থা আছে। এই পদ্ধতি কেবল আর্থিক সমস্যাজনিত বাধার দূরীকরণই করে না, এর ফলে জনসাধারণের জন্য একটি সুনিয়ন্ত্রিত ব্যবস্থার পত্তন সম্ভব হয়েছে, সেইসঙ্গে কর্মশক্তির অপব্যয় রোধ করা গেছে। কিন্তু তেজোদীপ্ত সমালোচনার অভাব এবং নিরর্থক অর্থব্যয়ে এ ব্যবস্থা নিস্তেজ, যান্ত্রিক, প্রাণহীন হয়ে পড়তে পারে, দক্ষতাও হ্রাস পেতে পারে।

**6.** *(a)* পদান্তর করুন (যে কোনো **পাঁচটি**) : 2×5=10

দৈনিক; নিরাশা; সাময়িক; বিস্ময়; শিক্ষিত; মুদ্রণ; সৌন্দর্য; চোরাই; মলিন; লেখা।

*(b)* বিপরীতার্থক শব্দ লিখুন (যে কোনো **পাঁচটি**) : 2×5=10

শুভ; হ্রাস; সাফল্য; নিন্দা; প্রশ্ন; বন্ধ; সাদৃশ্য; নকল; নিদ্রিত; ক্ষুদ্র।

*(c)* বিশিষ্টার্থে বাক্যে প্রয়োগ করুন (যে কোনো **পাঁচটি**) : 2×5=10

*(i)* অকালকুসুম

*(ii)* অকূলকাণ্ডারী

*(iii)* উলুখাগড়া

*(iv)* খাল কেটে কুমির আনা

*(v)* ঢিমেতেতালা

*(vi)* দহরম-মহরম

*(vii)* ধোপে টেঁকা

*(viii)* নোঙর ছেঁড়া

*(ix)* ফোপরদালাল

*(x)* ভূতের মুখে রাম নাম

*(d)* প্রতিশব্দ লিখুন (যে কোনো **পাঁচটি**) : 2×5=10

পাতা; ফুল; বাতাস; পাহাড়; সাগর; আকাশ; স্বামী; ভগিনী; স্বর্ণ; ভাস্কর।

★ ★ ★